

১৪ অগাস্ট ২০২১

আজ বিকাল ৫টা থেকে রিজিওনাল নিউ সাউথ ওয়েলসের জন্য স্টে-এ্যাট-হোম

নিউ সাউথ ওয়েলসের জনগনকে ক্রমবর্ধমান কোভিড-১৯ প্রাদুর্ভাব থেকে রক্ষা করতে, সমগ্র রিজিওনাল নিউ সাউথ ওয়েলসের জন্য নতুন বিধিনিষেধ চালু করা হবে, আজ বিকেল ৫টা থেকে আগামী রবিবার ২২শে অগাস্ট রাত ১২.০১ পর্যন্ত বহাল থাকবে।

নিউ সাউথ ওয়েলসের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ড. কেরী চ্যান্ট এর সর্বশেষ স্বাস্থ্য পরামর্শ অনুযায়ী রিজিওনাল নিউ সাউথ ওয়েলসে বসবাসরত সব লোকজনের জন্য বাড়ীতে থাকা (stay-at-home)র আদেশ কার্যকর হবে।

তার মানে হল আজ বিকেল ৫টা থেকে সমগ্র নিউ সাউথ ওয়েলস বাড়ীতে থাকা (stay-at-home) আদেশের অধীনে থাকবে।

এই নতুন আদেশটি রিজিওনাল নিউ সাউথ ওয়েলসে বিদ্যমান যে কোন আদেশকে প্রতিস্থাপন করবে।

বাড়ী ছাড়ার যুক্তিসংগত কোন কারণ ছাড়া সবাইকে বাড়ীতে থাকতে হবে। বাড়ীতে থাকে না এমন সব পরিবারের সদস্য এবং বন্ধুবান্ধব সহ বাড়ীর বাইরে থেকে কোন অতিথিকে বাড়ীতে আসতে দিতে পারবে না।

যেখানে দু'জন লোক সম্পর্কে জড়িয়েছেন কিন্তু একসাথে থাকেন না -এমন লোকসহ কেয়ারার দায়িত্ব পালনের অংশ হিসাবে অথবা কেয়ারার সেবা দেওয়ার জন্য বা সহায় করার জন্য, সহানুভূতিশীলতার কারণে (compassionate reasons) লোকজন কেবলমাত্র একজন অতিথি আসতে দিতে পারবেন।

পাব, রেস্টুরেন্ট এবং ক্যাফেগুলোসহ সব আতিথেয়তার স্থানগুলো জনসাধারণের জন্য অবশ্যই বন্ধ থাকবে শুধুমাত্র খাবার কিনে নিয়ে যাওয়ার সুবিধা ছাড়া (Except for takeaway)।

নিচের দোকানগুলো ছাড়া বাকী খুচরা কেনাকাটার দোকানগুলো বন্ধ থাকবে:

- সুপার মার্কেট এবং গ্রোসারীর দোকান,
- প্রধানত খাবার ও হালকা পানীয় যেমন কসাইখানা, বেকারীগুলো, ফলের দোকান এবং মুখরোচক খাবারের (delicatessens) দোকানগুলো কিন্তু রেস্টুরেন্ট বা ক্যাফে নয়,
- কেমিস্ট এবং ফার্মেসী,
- কিয়স্ক
- প্রধানত অফিসের জিনিষপত্র, পোষা প্রাণীর জিনিসপত্র, খবরের কাগজ, ম্যাগাজিন এবং স্টেশনারী, এলকোহল, প্রসূতি ও শিশুদের জিনিষপত্র, চিকিত্সা ও ঔষুধ সরবরাহ করে এমন সব দোকান
- খাবার ও হালকা পানীয় (Drinks) র দোকান কিন্তু শুধুমাত্র ক্রয় করে নিয়ে যাওয়ার জন্য বিক্রি করতে পারবে
- সেলার ডোর (cellar door) দোকান কিন্তু শুধুমাত্র ক্রয় করে নিয়ে যাওয়ার জন্য বিক্রি করতে পারবে
- হার্ডওয়ার ও বিল্ডিং তৈরীর সামগ্রী সরবরাহের দোকান
- ল্যান্ডস্কেপিং এর সামগ্রী সরবরাহের দোকান
- গ্রামীণ সামগ্রী সরবরাহের দোকান
- টিম্বার বিক্রির দোকান
- গার্ডেন সেন্টার এবং গাছের নার্সারী
- গাড়ী ভাড়ার দোকান, গাড়ী বিক্রি করে এমন দোকান নয়
- প্রধানত মোবাইল ফোন মেরামত করে এমন দোকান

NSW HEALTH Media

Tel. 02 9391 9121 A/Hours. 02 9962 9890 Fax. 02 9391 9575 Web. www.health.nsw.gov.au

healthdirect AUSTRALIA – providing expert health advice 24 hours a day to NSW residents – Tel. 1800 022 222

সার্ভিস স্টেশন, ব্যাংকস, পোস্ট অফিস, লড্রোম্যাট এবং ড্রাই ক্লিনারের দোকান খোলা রাখা যেতে পারে।

যে কেউ বাড়ী থেকে বের হবেন তার সাথে সর্বদা অবশ্যই একটি মাস্ক রাখতে হবে। যখনই বাইরে কাজ করবেন অবশ্যই মাস্ক পরে থাকবেন, স্কুলের সব স্টাফ, উন্মুক্ত বাজর ও শপিং স্ট্রিটে কাজ করেন, এবং কোন পণ্যের জন্য লাইনে অপেক্ষা করছেন যেমন কফি এবং খাবার এমন সবাই।

নিউ সাউথ ওয়েলস জুড়ে প্রত্যেক নিয়োগকর্তা (তার স্টাফদের) অবশ্যই বাড়ী থেকে কাজ করার সুযোগ দিতে হবে যদি যুক্তিসংগতভাবে সম্ভব না হয়।

কাজের জন্য বাড়ী থেকে বের হওয়া একটি যুক্তিসংগত অজুহাত – তবে যদি বাড়ী থেকে কাজ করা সম্ভব না হয়।

বিবাহ ও অন্ত্যেষ্টিক্রিয়ার পরিকল্পনা করে থাকলে রিজিওনাল এলাকাগুলোর জন্য একদিনের গ্রেস পিরিয়ড দেওয়া হবে যা ইতিমধ্যে লকডাউনের আওতায় না থেকে থাকলে। এই অনুষ্ঠানগুলো আগামী ১৬ই অগাস্ট ২০২১ এর রাত ১২.০১ পর্যন্ত চলতে পারে, কিন্তু ইতিমধ্যে লকডাউন এলাকার মধ্যে ছিলেন না শুধুমাত্র এমন অতিথিবৃন্দ এ জাতীয় অনুষ্ঠানে অংশগ্রহণ করতে পারবেন। আগামী সোমবার থেকে শুধুমাত্র ১০ জনের অংশগ্রহণে (অনুষ্ঠান পরিচালনাকারী ব্যক্তি ব্যতীত) ছোট আকারে অন্ত্যেষ্টিক্রিয়া ও স্মারক অনুষ্ঠান পরিচালনার অনুমতি দেওয়া হবে।

মুদুতম ঠান্ডার মত উপসর্গ থাকলেও টেস্ট করানোর অব্যাহত রাখার জন্য নিউ সাউথ ওয়েলস হেলথ জনগনকে আহবান জানাচ্ছে।

নিউ সাউথ ওয়েলস জুড়ে ৪৪০ এর বেশি কোভিড-১৯ টেস্টিং লোকেশন আছে, এর মধ্যে বেশীর ভাগই সপ্তাহে সাত দিনই পরিচালনা করে। আপনার নিকটস্থ ক্লিনিকটি খুঁজে পাওয়ার জন্য [website](#) এ ভিজিট করুন।

বৃহত্তর সিডনির ঝুঁকিপূর্ণ ([affected](#)) স্থানীয় সরকার এলাকায় বিশেষ নিয়ম প্রযোজ্য।

আরও বিস্তারিত তথ্যের জন্য, দয়া করে nsw.gov.au/covid-19/rules ভিজিট করুন।